

বুলুগুন মারাম

হাদিস নাম্বারঃ ৯৪৯

পর্ব - ৭ঃ ক্রয়-বিক্রয়ের বিধান (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ২০. ফারায়িয বা মৃতের পরিত্যক্ত সম্পত্তির বণ্টন বিধি - দাদার মীরাছ (উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পদ)

আরবী

وَعَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - فَقَالَ: إِنَّ ابْنَ ابْنِي مَاتَ، فَمَا لِي مِنْ مِيرَاثِهِ فَقَالَ: «لَكَ السُّدُسُ» فَلَمَّا وُلِّي دَعَاهُ، فَقَالَ: «لَكَ سُدُسٌ آخَرُ» فَلَمَّا وُلِّي دَعَاهُ. فَقَالَ: «إِنَّ السُّدُسَ الْآخَرَ طُعْمَةٌ». رَوَاهُ أَحْمَدُ وَالْأَرْبَعَةُ، وَصَحَّحَهُ التِّرْمِذِيُّ

وَهُوَ مِنْ رِوَايَةِ الْحَسَنِ الْبَصْرِيِّ عَنْ عِمْرَانَ، وَقِيلَ: إِنَّهُ لَمْ يَسْمَعْ مِنْهُ

ضعيف. رواه أحمد (428 /4 - 429)، وأبو داود (2896)، والنسائي في «الكبرى» (73 /4)، والترمذي (2099) من طريق قتادة، عن الحسن، عن عمران، به. وقال الترمذي: «حديث حسن صحيح». قلت: كيف وقتادة والحسن مُدَلِّسَان؟! وانظر التعليق التالي. «تنبيه»: عزو الحافظ الحديث للأربعة وَهُمْ إِذْ لَمْ يَرَوْهُ ابْنُ مَاجَهْ مِمَّنْ جَزَمَ بَعْدَ سَمَاعِهِ أَبُو حَاتِمٍ، فَقَالَ فِي «الْجَرَحِ وَالتَّعْدِيلِ» (41 /1): «لَمْ يَصِحْ لَهُ السَّمَاعُ مِنْ جَنْدَبٍ، وَلَا مِنْ مَعْقِلِ بْنِ يَسَارٍ، وَلَا عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ، وَلَا مِنْ عَقْبَةَ بْنِ عَامِرٍ، وَلَا مِنْ أَبِي هُرَيْرَةَ

বাংলা

৯৪৯। 'ইমরান বিন হুসাইন (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, কোন লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললো, আমার ছেলের ছেলে নাতির মৃত্যু হয়েছে, তার মিরাস থেকে আমার জন্য কি হক রয়েছে? তিনি বললেন— এক ষষ্ঠাংশ। লোকটি ফিরে গেলে আবার তাকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ডেকে বললেন, তোমার জন্য আর এক ষষ্ঠাংশ। লোকটি ফিরলে পুনরায় তাকে ডেকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলে দিলেন এর পরবর্তী ষষ্ঠাংশ তোমার খাদ্যের জন্য (আসবাবরূপে) প্রাপ্ত। —তিরমিযী একে সহীহ বলেছেন, এটা 'ইমরান থেকে হাসান বাসরীর বর্ণনায় রয়েছে। এ সম্বন্ধে বলা হয়েছে- হাসান বাসরী 'ইমরান (রাঃ) থেকে শ্রবণ করেননি।[1]

ফুটনোট

[1] তিরমিযী ২০৯৯, আবু দাউদ ২৮৯৬। ইবনু উসাইমীন শরহে বুলুগুণ মারাম ৪/৩৬৯ গ্রন্থে একে মুনকাতি বলেছেন। আবদুর রহমান মুবারকপুরী তুহফাতুল আহওয়ামী ৫/৫১৮ গ্রন্থে বলেন, এর সানাদে রয়েছে হাসান, ইবনু আবু হাতিম ইমামগণ থেকে এটি বর্ণনা করেন যে, হাসান ইমরান বিন হুসাইন থেকে কোন কিছুই শুনেনি। শাইখ আলবানী তাখরাজ মিশকাতুল মাসাবীহ ২৯৯৬ ও যঈফ, আবু দাউদে (২৮৯৬) গ্রন্থে একে দুর্বল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=70760>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন